# চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিভাসু)

চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ

নং-সিভাসু/রেজি:/প্রশা./নি.বি.-৫৮৩/২০১৯/১৩৫১ তারিখ: ০১/০৯/২০২৬ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে শূন্য পদ পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল ২০১৫) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | ভেটেরিনারি সার্জন<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br>[ভেটেরিনারি ক্লিনিক্স-১, টিচিং এন্ড ট্রেনিং পেট হসপিটাল এবং রিসার্চ সেন্টার, ঢাকা-১] | ০২ | মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে ১ম শ্রেণী/সমতুল্য লেটার গ্রেডসহ চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় হতে ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম)-এ ১ম শ্রেণী/সমতুল্য গ্রেডের অধিকারী হতে হবে অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে সমপর্যায়ের ডিগ্রিধারী হতে হবে। মেডিসিন এন্ড সার্জারী বিষয়ে এমএস ডিগ্রিধারী ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ২. | ড্রাইভার (হালকা)<br>স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)<br>[টিচিং এন্ড ট্রেনিং পেট হসপিটাল ও রিসার্চ সেন্টার, ঢাকা] | ০১ | প্রার্থীকে ন্যূনতম জেএসসি/সমমান পাশ হতে হবে এবং যানবাহন চালনায় বৈধ লাইসেন্স (পেশাদার) থাকতে হবে। |
| ৩. | নিরাপত্তা প্রহরী<br>স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)<br>[ডা: নাজির আহমেদ হল-৩, বেগম রোকেয়া হল-২] | ০৫ | প্রার্থীকে ন্যূনতম জেএসসি/সমমান পাশসহ সুঠাম দেহের অধিকারী এবং ন্যূনতম উচ্চতা ৫ ফুট ৪ ইঞ্চি ও বুকের মাপ ৩০ ইঞ্চি হতে হবে।<br>অবসরপ্রাপ্ত সেনাবাহিনী/পুলিশ/আনসার সদস্যকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। |
| ৪. | পরিচ্ছন্নতা কর্মী<br>স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)<br>[ডা: নাজির আহমেদ হল] | ০১ | প্রার্থীকে ন্যূনতম জেএসসি/সমমান পাশ হতে হবে। হরিজন সম্প্রদায়ের প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। |

**প্রার্থীর জন্য প্রযোজ্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ:**

১) নিয়োগ বিজ্ঞপ্তি'তে উল্লিখিত ক্রমিক নং-১ পদে আগ্রহী প্রার্থীকে এ বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরম (শুধুমাত্র কর্মকর্তা পদের জন্য)-এ সকল কাগজপত্র সম্বলিত পৃথক ৯(নয়) সেট এবং ক্রমিক ০২ হতে ০৪নং পদে পৃথক ৩(তিন) সেট (মোবাইল নম্বর উল্লেখপূর্বক সকল কাগজপত্র সম্বলিত ও স্বহস্তে লিখিত/মুদ্রিত) আবেদনপত্র একটি খামে আগামী **২৮/০৯/২০২৬** তারিখের মধ্যে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪২২৫ বরাবরে **অফিস চলাকালীন** (সকাল ৯:০০ হতে বিকাল ৪:০০ ঘটিকা) সময়ে রেজিস্ট্রার অফিসে পৌছাতে হবে। **হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। প্রার্থীত পদের নাম খামের উপরে স্পষ্ট করে উল্লেখ করতে হবে।** নির্ধারিত সময়সীমার (২৮/০৯/২০২৬) পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২) বিজ্ঞপ্তিতে উল্লিখিত ক্রমিক নং-১ (কর্মকর্তা) পদের জন্য নির্ধারিত 'আবেদনপত্র' (Application Form) এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**cvasu.ac.bd**) বা রেজিস্ট্রার অফিস হতে সংগ্রহ করা যাবে।

৩) (ক) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর। **২৮/০৯/২০২৬ তারিখ অনুযায়ী প্রার্থীর বয়সসীমা নির্ধারিত হবে।** বয়স নির্ধারণের ক্ষেত্রে কোন হলফনামা (Affidavit) গ্রহণযোগ্য নয়।
(খ) অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

৪) প্রযোজ্য শর্তাদি পূরণ সাপেক্ষে চাকুরীতে নিয়োজিত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫) অভিজ্ঞতা বলতে- সরকারি প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয় ও স্বায়ত্তশাসিত/আধা-সরকারি প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তিতে উল্লিখিত স্ব-স্ব পদের সাথে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।

৬) নিয়োগ বিজ্ঞপ্তি'তে উল্লিখিত পদসমূহের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় কর্তৃক ৩০/১২/২০২৪ তারিখের নং-০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৫-৩৬২ মূলে জারিকৃত প্রজ্ঞাপন মোতাবেক নিম্নোক্ত হারে "পরীক্ষা ফি" (অফেরৎযোগ্য) রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-এর মূল কপি (জনতা ব্যাংক লি:, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম হতে উত্তোলনযোগ্য হতে হবে) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।

| | | |
|---|---|---|
| ১০ম গ্রেড/৯ম গ্রেড বা তদূর্ধ্ব | -- | ২০০/- (দুইশত) টাকা |
| ১১তম এবং ১২তম গ্রেড | -- | ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা |
| ১৩তম থেকে ১৬তম গ্রেড | -- | ১০০/- (একশত) টাকা |
| ১৭তম থেকে ২০তম গ্রেড | -- | ৫০/- (পঞ্চাশ) টাকা |

৭) আবেদনপত্রে আবেদনকারীর স্বাক্ষরসহ জীবন-বৃত্তান্ত যথা: (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) ধর্ম (ঝ) জাতীয়তা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং (ঠ) অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) **(ড) মোবাইল নম্বর** (ঢ) ই-মেইল এড্রেস প্রভৃতি উল্লেখ করতে হবে।

চলমান (পাতা-২)

01.09.26

| | |
|---|---|
| ৮) | প্রার্থীকে আবেদনের সাথে (ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/সিনিয়র কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদের কপি; (খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/সিনিয়র কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (ঘ) জাতীয় পরিচয়পত্র/ডিজিটাল জন্মসনদের সত্যায়িত কপি এবং (ঙ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। |
| ৯) | (ক) প্রার্থীর কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণী/বিভাগ/সমতুল্য গ্রেড গ্রহণযোগ্য নয় এবং সংশ্লিষ্ট পদে চাহিত যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই।<br>(খ) নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, দক্ষতা, জ্যেষ্ঠতা এবং সন্তোষজনক চাকুরীকাল ইত্যাদি বিবেচনায় অভ্যন্তরীণ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ১০) | প্রার্থী উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়নরত থাকলে তা আবেদনে অবশ্যই উল্লেখসহ প্রমাণক সংযুক্ত করতে হবে এবং পরবর্তীতে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হওয়ার পরে অনধিক ৩(তিন) মাসের মধ্যে কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়ন করলে বা উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়ন বা উচ্চতর কোর্স/ডিগ্রি অর্জনের বিষয়টি আবেদনে উল্লেখ না করলে, উক্ত কোর্স/ডিগ্রি/প্রোগ্রাম/প্রশিক্ষণের জন্য কোন সুবিধা প্রাপ্য হবে না। |
| ১১) | ভূয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/কুরিয়ার সার্ভিস ও ডাক যোগাযোগসহ অন্য কোন কারণে বিলম্বে/নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং আবেদন দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ের পর, পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস্ সংযোজনযোগ্য নয়। |
| ১২) | আবেদনপত্র গ্রহণ/বাতিলকরণ, শর্তাদির স্পষ্টায়ন, নিয়োগপ্রাপ্তদের কর্মস্থল নির্ধারণ এবং নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। |
| ১৩) | বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনে কর্তৃপক্ষ উল্লিখিত পদসমূহে নিয়োগকৃত জনবলের কর্মস্থল (সিভাসু মূল ক্যাম্পাস/হাটহাজারী ক্যাম্পাস/টিচিং এন্ড ট্রেনিং পেট হসপিটাল ও রিসার্চ সেন্টার, ঢাকা/কোস্টাল বায়োডাইভারসিটি, মেরিন ফিশারিজ এন্ড ওয়াইল্ডলাইফ রিসার্চ সেন্টার, কক্সবাজার) নির্ধারণ করতে পারবেন। |
| ১৪) | নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। |

**মীর্জা ফারুক ইমাম**
রেজিস্ট্রার
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

০৭.০৮.২৬

মীর্জা ফারুক ইমাম
রেজিস্ট্রার
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ